দৈনিক বাংলা

তারিখ ... ৪।৫।৮৩ ...
পৃষ্ঠা ... ৫ কলাম ৭ ...

023

## জনমত

### মাধ্যমিক বিদ্যালয়ের শিক্ষকদের বয়ঃসীমা

কুমিল্লা শিক্ষা বোর্ডের বিজ্ঞপ্তি নং এসআরও–২৬/৭৯ তারিখ ৪-১২-১৯৭৯ অনুসারে পূর্ববর্তী সব বিজ্ঞপ্তি ও রেগুলেশন বাতিল করে নতুন রেগুলেশন জারি করা হয় এর ২৬ নং রেগুলেশনে মাধ্যমিক শিক্ষকদের অবসর গ্রহণের বয়ঃসীমা ৬০ বৎসর ধার্য করা হয় এবং আরও বলা হয় যে, যে সালে কোন বেসরকারী মাধ্যমিক স্কুলের শিক্ষকের বয়ঃসীমা ৬০ বৎসরে পৌঁছবে সেই সালের শেষ মাস পর্যন্ত ম্যানেজিং কমিটির অনুমতিতে ঐ শিক্ষক উক্ত বিদ্যালয়ে চাকরি করতে পারবেন। এর ২৭নং রেগুলেশনে শিক্ষকদের বয়স ৬৫ বৎসর পর্যন্ত পর্যায়ক্রমে বর্ধিত করার নির্দেশ রয়েছে এবং ২৮ নং রেগুলেশনে অবসর গ্রহণকালে শিক্ষককে তাঁর চাকরি জীবনের প্রতি তিন বৎসরে এক মাসের বেতন হিসাব করে দেয়ার উল্লেখ আছে। কিন্তু এই গ্রেচুইটি স্কুলের ম্যানেজিং কমিটি দেবেন না, বাংলাদেশ সরকারের শিক্ষা বিভাগ থেকে দেয়া তার কোন উল্লেখ নেই।

সরকারের বিজ্ঞপ্তি নং শা. ৫/১প-১/৮৩ তাং ১৬-২-৮৩ ইং শিক্ষা, ধর্ম ও ক্রীড়া (শিক্ষা বিভাগ) সম্প্রতি প্রকাশিত হয়েছে। এই বিজ্ঞপ্তিতে পূর্ববর্তী সার্কুলার বা কোন রেগুলেশনই বাতিল করা হয়নি। এই বিজ্ঞপ্তিতে সরকারী ও বেসরকারী মাধ্যমিক বিদ্যালয়ের শিক্ষকদের অবসর গ্রহণের বয়সসীমা যথাক্রমে ৫৭ বৎসর ও ৬০ বৎসর পুনঃ নির্ধারণ করা হয়েছে। তবে বেসরকারী মাধ্যমিক শিক্ষকদের বয়সসীমা বর্ধিত করার উল্লেখ নেই।

৪-১২-৭৯ ইং তারিখের বিজ্ঞপ্তি মোতাবেক বহু শিক্ষক নতুন বিজ্ঞপ্তি পাওয়ার পূর্বে ও পরে শিক্ষা বিভাগের কর্তৃপক্ষের নিকট বয়সসীমা বর্ধিত করার আবেদন যথা নিয়মে পেশ করেন। জানা গেছে পূর্বের আবেদনগুলির প্রায়গুলিই মঞ্জুর করা হয়েছে। কিন্তু পরবর্তী আবেদনগুলি কর্তৃপক্ষ এখনও করেননি।

শিক্ষা বিভাগের এসআরও–২৬/৭৯ তারিখ ৪-১২-১৯৭৯ মোতাবেক বেসরকারী মাধ্যমিক শিক্ষকদের অবসর গ্রহণের বয়সসীমা ৬৫ বৎসর পর্যন্ত বর্ধিত করার বিষয়টি বিবেচনা করারও অবসরকালীন সময়ে যথোপযুক্ত গ্রেচুইটি দেয়া বা পেনসনের ব্যবস্থা করার জন্যে বাংলাদেশ শিক্ষক ফেডারেশনের চেয়ারম্যান মহোদয় ও শিক্ষা বিভাগের দায়িত্বে নিয়োজিত মন্ত্রী মহোদয়ের আশু কৃপাদৃষ্টি আকর্ষণ করছি।

এ হালিম
প্রধান শিক্ষক/সম্পাদক
মুন্সিরহাট জিএন্ডএ আলী উচ্চ বিদ্যালয় চৌরা মুন্সিরহাট, কুমিল্লা।